

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ দুধ পান করা পানকারী ব্যক্তির উপর ওয়ু করা আবশ্যক করে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ شُرْبَ اللَّبَنِ لَا يُوجِبُ عَلَى شَارِبِهِ وُضُوءًا

আরবী

1156 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَرِبَ لَبَنًا فَدَعَا بِمَاءٍ فتضمض وقال: (إنه له دسماً)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1156 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৫৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্য়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুধ পান করেছেন তারপর তিনি পানি আনতে বললেন অতঃপর তিনি কুলি করেন এবং বলেন, "নিশ্চয়ই এতে চর্বি রয়েছে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৫৮; সুনান বাইহাকী: ১/১৬০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৫৭; মুসনাদ আহমাদ: ১/২২৩; সহীহ বুখারী: ৫৬০৯; ইবনু মাজাহ: ৪৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৭০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৯১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন